জেমস ওয়াট নামক একজন বিজ্ঞানী এ মতবাদ পোষণ করতেন যে, পানিতে তাপ প্রয়োগ করলে সেই পানি বাস্পে পরিণত হয়। এ বাস্পের ধাক্কায় বিভিন্ন প্রকার যন্ত্র চালানো সম্ভব। যেমন- বাস্প ইঞ্জিন, বাস্প টারবাইন, জেনারেটর ইত্যাদি। প্রচলিত। নিয়ম অনুযায়ী পানিতে তাপ প্রয়োগ করলে পাত্রের ভিতরে পানি উত্তপ্ত হয়ে হালকা হয় এবং উপরের দিকে উঠতে থাকে।

# বাস্প ইঞ্জিন

বাস্পের ধাক্কায় যে ইঞ্জিন চালিত হয় তাকে বাস্প ইঞ্জিন বলে। বাস্প ইঞ্জিন বহির্দাহ সাইকেল (External combustion cycle) অনুসরণ করে চলে।



shutterstock.com • 255233923




# বাস্প ইঞ্জিন এর কার্যনীতি

এটা এক ধরনের রেসিপ্রোকেটিং ইঞ্জিন। এ ইঞ্জিন সিলিন্ডারের মধ্যে বাস্প চাপের ধাক্কায় পিস্টন এদিক-ওদিক ঘোরাফেরা করে কার্য সম্পাদন করে। এটা বাস্পের চাপ ও তাপশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে।




# বাস্প ইঞ্জিন এর কার্যনীতি

পূর্বে রেলগাড়ির ইঞ্জিন হিসাবে এবং তাপবিদ্যুৎ কেন্দ্রে প্রাইম মুভার হিসাবে বাস্প টারবাইনের পরিবর্তে রেসিপ্রোকটিং পাম্প ইঞ্জিন ব্যবহার করা হত। কিন্তু বর্তমানে ছোট-বড় তাপবিদ্যুৎ কেন্দ্রে সফলতার সাথে প্রাইম মুভার হিসাবে বাস্প ইঞ্জিন ব্যবহার করা হয়ে থাকে।



# বাস্প টারবাইন


এমন একপ্রকার যন্ত্র যা বাষ্পের ধাক্কায় চালিত হয় এবং যান্ত্রিক শক্তি উৎপাদন করে এবং পরবর্তীতে জেনারেটরকে চালিত করলে বিদ্যুৎশক্তি উৎপন্ন হয়।





# বাস্প টারবাইন এর কার্যনীতি

তাপবিদ্যুৎ কেন্দ্রে বয়লার থেকে যে বাস্প উৎপন্ন হয় সেটাকে পূর্ণ বাস্পে পরিণত করে টারবাইনকে চালনা করা হয়। বাস্প টারবাইন এক ধরনের তাপ ইঞ্জিন, যা তাপ ও চাপযুক্ত বাস্পের ধাক্কায় ঘূর্ণন গতিপ্রাপ্ত হয়। তাপশক্তি প্রথমে গতিশক্তিতে এবং গতিশক্তি পরবর্তীতে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়।



## বাস্প টারবাইন এর কার্যনীতি

এ শক্তিই পরক্ষণে বৈদ্যুতিক জোট ঘুরিয়ে যান্ত্রিক শক্তি থেকে বৈদ্যুতিক শক্তি উৎপাদন করে।



## বয়লারের প্রকারভেদ

টিউবের মধ্যে ধরন অনুযায়ী বয়লার দুই প্রকারঃ


- (i) ফায়ার টিউব অথবা স্মোক টিউব বয়লার (Fire tube or smoke tube boiler)
- (ii) ওয়াটার টিউব বয়লার (Water tube boiler)

ফানেসের অবস্থান অনুযায়ীঃ

- (i) ইন্টারনালি ফায়ার্ড বয়লার (Internally fired boiler) –  
যেমন-লোকোমোটিভ (Locomotive) লঙ্কাশায়ার  
(Lancashire) ও এমকচ বয়লার (Scotch boiler)
- (ii) এক্সটারনালি ফায়ার্ড বয়লার (Externally fired boiler)  
- বেককোক (Bebcock) and উইলকস (Wilcox)

## ফায়ার টিউব বয়লারের কার্যনীতি

ফায়ার-টিউব বয়লার হল এক ধরনের বয়লার যেখানে বয়লারের ভেতরে অবস্থিত টিউবের মধ্যে আগুন থাকে এবং টিউবের বাইরে পানি থাকে। যখন উত্তপ্ত চারপাশ দিয়ে পানি চলাচল করে তখন পানি তাপের সংস্পর্শে আসায় আন্তে আন্তে তাপীয় হয়ে বাষ্প পরিণত হতে শুরু করে উৎপাদিত এ বাষ্প দিয়ে বিভিন্ন কার্য সম্পূর্ণ করা হয়ে থাকে।



**Fire Tube Boiler Working Principle**

## বাস্প ইঞ্জিনের প্রকারভেদ

পিস্টনের উপর বাষ্পের ক্রিয়া অনুসারে:

- ১। একক ক্রিয়াশীল বাষ্প ইঞ্জিন
- ২। দ্বিগুন ক্রিয়াশীল বাষ্প ইঞ্জিন

ইঞ্জিনের গতি অনুসারে:

- ১। কম গতি সম্পর্ক স্টিম ইঞ্জিন
- ২। মধ্যম গতি সম্পর্ক স্টিম ইঞ্জিন
- ৩। উচ্চ গতি সম্পর্ক স্টিম ইঞ্জিন

স্টিম নির্গমণ অনুসারে:


- ১। কন্ডেন্সিং স্টিম ইঞ্জিন
- ২। নন কন্ডেন্সিং স্টিম ইঞ্জিন

# ওয়াটার টিউব ও ফায়ার টিউব বয়লারের মধ্যে পার্থক্য

## ওয়াটার টিউব বয়লারঃ

- ১। ওয়াটার টিউব বয়লারে টিউবের ভেতর দিয়ে পানি প্রবাহিত হয়, টিউবের বাইরে আগুনের শিখা প্রবাহিত হয়।
- ২। এর জ্বালানি সহজ প্রাপ্য ও দামে সস্তা।
- ৩। এর রক্ষণাবেক্ষণ খরচ কম ও গঠন সহজ।
- ৪। পরিচালনা খরচ তুলনামূলক বেশি।

## WATER TUBE BOILER VS FIRE TUBE BOILER



## ওয়াটার টিউব ও ফায়ার টিউব বয়লারের মধ্যে পার্থক্য

### ফায়ার টিউব বয়লারঃ

- ১। ফায়ার টিউব বয়লারে টিউবের ভেতর দিয়ে আগুন প্রবাহিত হয়, টিউবের বাইরে পানি প্রবাহিত হয়।
- ২। এর জ্বালানি কিছুটা ব্যবহুল।
- ৩। এর রক্ষণাবেক্ষণ খরচ বেশি ও গঠন জটিল।
- ৪। পরিচালনা খরচ তুলনামূলক কম।

## বয়লারের ব্যবহার

- ১। সুতাকল, কাপড়ের কল ও পাটকলে এবং শিল্প কারখানায় ব্যবহৃত হয়।
- ২। ঔষধ শিল্পে ঔষধ সামগ্রী উত্তপ্ত এবং প্রক্রিয়াজাত করার কাজে ব্যবহার করা হয়
- ৩। বাষ্প উৎপাদনে ব্যবহার করা হয়।

## বাষ্প ইঞ্জিনের ব্যবহার

- ১। বিভিন্ন যন্ত্রপাতি পরিচালনা ক্ষেত্রে বাষ্প ইঞ্জিন ব্যবহৃত হয়।
- ২। শিল্পকারখানার ব্যবহৃত হয়
- ৩। রেলগাড়ির ইঞ্জিন হিসেবে বাষ্প ইঞ্জিন ব্যবহৃত হয়।





## স্টিম টারবাইনেরব্যবহারঃ


- ১। বিদ্যু উৎপাদন কেন্দ্রে প্রাইম মুভার হিসেবে জনপ্রিয়তার সাথে এই টারবাইন ব্যবহৃত হয়।
- ২। জল জাহাজ বা স্টিমারে ব্যবহৃত হয়
- ৩। পাম্প পরিচালনা কাজে ব্যবহৃত হয়।

# ৭ম অধ্যায়

## CENTRIFUGAL PUMP



## RECIPROCATING PUMP



# আজকের পাঠ শেষে আমরা জানতে পারব .....

ফ্লুয়িড ও ফ্লুয়িড মেশিনারি কী।

পাম্প ও টারবাইনের কাজ কী ?

সেন্ট্রিফিউগাল পাম্পের কার্যাবলী বর্ণনা।

রেসিপ্রোকেটিং পাম্পের কার্যাবলী বর্ণনা।

ইমপালস টারবাইনের কার্য বর্ণনা।

## ৭ম অধ্যায়


### ফ্লুয়িড ও ফ্লুয়িড মেশিনারী

**ফ্লুয়িড:** যে সকল পদার্থ (তরল ও বায়বীয়) এক স্থান হতে অন্য স্থানে প্রবাহিত হতে পারে তাদেরকে প্রবাহী (Fluid) বলে। যেমন- পানি, ওয়েল, পারদ, গ্যাস, বাষ্প ইত্যাদি।




# ফ্লুয়িড মেশিনারি কী

যে সকল যন্ত্র ফ্লুয়িড পাওয়ার থেকে শ্যাফট পাওয়ার অথবা শ্যাফট পাওয়ার থেকে ফ্লুয়িড পাওয়ার-এ রূপান্তর করে, তাদেরকে ফ্লুয়িড মেশিনারি বলে।




# পাম্প কী

যে যন্ত্রের সাহায্যে মেকানিক্যাল এনার্জিকে ফ্লুয়িড এনার্জিতে রূপান্তর করা হয়, তাকে পাম্প বলে। অর্থাৎ পাম্পের সাহায্যে যান্ত্রিক শক্তিকে চাপশক্তিতে রূপান্তর করা হয় অথবা মাটির নিচ থেকে পানি উত্তোলনে নদী, পুকুর ও মাটির উপরিস্থিত পানিকে কৃষিক্ষেত্র এবং দালানকোঠায় যে যন্ত্রের ধাক্কায় সরবরাহ করা হয় তাকে পাম্প বলে।



# ওয়াটার টারবাইন

পানি বিদ্যুৎ কেন্দ্রের প্রাইম মুভার হিসেবে যে টারবাইন ব্যবহার করা হয় ওয়াটার টারবাইন বলা হয়। সুতরাং এ বিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ শক্তি উৎপন্ন করার জন্য যার সাহায্যে গতিশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয় তাকে ওয়াটার টারবাইন বলে।



## পাম্পের শ্রেণিবিভাগ

পাম্পকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়:

যথা— ১। পজিটিভ ডিসপ্লেসমেন্ট পাম্প (Positive displacement pump)

২। রোটোডায়নামিক বা ডায়নামিক প্রেসার পাম্প (Rotodynamic (or dynamic pressure pump))

পানি সরবারহের উপর ভিত্তি করে পাম্প তিন প্রকার:-

(ক) সেন্ট্রিফিউগাল পাম্প (Centrifugal pump)

(খ) রেসিপ্রোকেটিং পাম্প (Reciprocating pump)

(গ) রোটারি পাম্প (Rotary pump)



## সেন্ট্রিফিউগাল পাম্পের কার্য বর্ণনা

সেন্ট্রিফিউগাল পাম্প কেসিং এর মধ্যে ইম্পেলার থাকে এবং এটা সাধারণত বৈদ্যুতিক মটরের সাথে কাপলিং করা থাকে। সেন্ট্রিফিউগাল পাম্পের ইম্পেলারের কেন্দ্রে সাকশন বা গ্রহণ পাইপ- নিগমন পথে নিগমন পাইপ, উপরে প্রাইমিং পোর্ট (Priming port) ও নিচে ময়লাদি দূর করার জন্য ড্রেন প্লাগ প্রভৃতি সংযুক্ত থাকে।





Figure 2. Volute case design

## সেন্ট্রিফিউগাল পাম্পের কার্য বর্ণনা

সেন্ট্রিফিউগাল পাম্প চালু করার আগে সেন্ট্রিফিউগাল পাম্পের প্রাইমিং পোর্ট খুলে পানি তেলে প্রাইমিং করে নিতে হয়। এতে পাম্প কেসিং, ও স্যাকসন লাইন থেকে বাতাস বের হয়ে যায়। পানির লাইন প্রাইমিং পোর্ট এর সাথে সংযুক্ত করা থাকলে সেখানে স্বয়ংক্রিয়ভাবে প্রাইমিং হয়। প্রাইমিং করার পর প্লাগ বন্ধ রাখতে হয়। প্রাইমিং করার করার সময় যখন কেসিং ও গ্রহণ নল পানিতে পূর্ণ হয়ে গেলে তখনই প্লাগ বন্ধ করতে হয়।



## সেন্ট্রিফিউগাল পাম্পের কার্য বর্ণনা

একই সাথে পাম্প চালনার জন্য বৈদ্যুতিক মটরের সুইচ চালু করতে হয়। এ সময় পাম্প ঘুরতে থাকলে ইম্পেলার আই হয়ে পানি গ্রহণ পাইপ দিয়ে পাম্প কেসিং-এ প্রবেশ করে এবং ইম্পেলারের ধাক্কায় চাপ প্রাপ্ত হয়ে ডেলিভারি পাইপ দিয়ে পানি নির্গমিত হয়। এভাবে এই পাম্প হতে অনবরত পানি প্রবাহ হতে থাকে।



পাম্প বন্ধ করলে চেক ভালভও বন্ধ করতে হয়। ফলে পাম্পের ভিতরের পানি সাকশন পাইপ দিয়ে নিচে যেতে পারে না এবং পরবর্তীতে পাম্প চালু করার সময় প্রাইমিং এর প্রয়োজন হয় না।

## সেন্ট্রিফিউগাল পাম্পের ব্যবহার

সেন্ট্রিফিউগাল পাম্প সাধারণত কম হেডে অধিক পানি সরবরাহ করতে পারে। সে জন্য এ ধরনের পাম্প নদীনালা, পুকুর থেকে পানি তুলে কৃষিক্ষেত্রে সেচ কাজে পানি সরবরাহের জন্য অধিক হারে ব্যবহার করা হয়। মাটির নিচ থেকে পানি তুলে কম উচ্চতায় পানি সরবরাহ করতেও এর ভূমিকা অধিক।

## রোটোরি টারবাইন পাম্পের কার্য বর্ণনা

টারবাইন পাম্প রোটোরি বা চক্রাকার গতিতে ঘুরে কাজ করে বলে একে রোটোরি পাম্প বলা হয়। এ পাম্পকে সাধারণত খাড়াভাবে স্থাপন করা হয় এবং বৈদ্যুতিক মটরটি টারবাইন শ্যাফট এর উপরের দিকে সংযোজিত থাকে।




## রোটোরি টারবাইন পাম্পের কার্য বর্ণনা

এ পাম্প চালু করার পূর্বে সুইচ অন করে দেখতে হয় ফেজের তিনটি ভাল জ্বলছে কিনা, অতঃপর মটরের চালুকরণ সুইচ অন করা হয়। এ পাম্পের প্রাইম মুভার বা বৈদ্যুতিক মটর চালু করলে শ্যাফটটি কেসিং এর মধ্যে দ্রুত ঘুরতে থাকে।

শ্যাফট এর নিম্ন প্রান্তে অবস্থিত পাম্পের ইম্পেলার ও শ্যাফট এর সংযুক্ত অবস্থায় একই গতিতে ঘুরতে থাকে। ইম্পেলারের দ্রুত ঘূর্ণনের ফলে এর নিম্নাংশের পানিতে নিম্নচাপের বায়ুশূন্যতা সৃষ্টি হয়। ফলে ইম্পেলার আই এর মধ্য দিয়ে পানি ইম্পেলার কেসিং এর মধ্যে প্রবেশ করে এবং এ পানি ইম্পেলারের অধিক ধাক্কায় উপরের দিকে বাউলে প্রবেশ করে।

## রোটোরি টারবাইন পাম্পের কার্য বর্ণনা

অতঃপর কলাম পাইপের মধ্যদিয়ে পানি উপরের দিকে প্রবাহিত হয়ে নির্গমন নল বা ডেলিভারি পাইপ দিয়ে ডিসচার্জ বক্স বা নির্দিষ্ট স্থানে নিষ্ক্ষিপ্ত হয়। সেচ কাজের জন্য সাধারণত পাকা ডিসচার্জ বক্স নির্মাণ করা হয়।



## রোটোরি টারবাইন পাম্পের ব্যবহার


আমাদের দেশে সেচকার্যে প্রায় অধিকাংশ এলাকায় গভীর নলকূপ বিশিষ্ট টারবাইন পাম্প ব্যবহার করা হয়। ভূগর্ভস্থ অনেক নিচ থেকে, পানি, খনিজ, তেল ও অন্যান্য তরল পদার্থ সংগ্রহ ও সরবরাহ করতে এ পাম্পের ব্যবহৃত হয়। এ পাম্প ৩৫০ ফুট থেকে ৫০০ ফুট অথবা তারও বেশি উচ্চতায় তরল পদার্থ উত্তোলন বা সরবরাহের জন্য এ ব্যবহার হয়।

সেচের কাজ ছাড়াও টারবাইন পাম্পকে শহরের আবাসিক এলাকায় পানি সরবরাহ, ড্রেনেজের কাজ প্রভৃতিতে ব্যবহার করা, এছাড়াও গ্যাস পরিবহন ও বণ্টনের ক্ষেত্রে বিশেষ করে তরলায়িত গ্যাস যেমন- প্রোপেন, বিউটেন ও এল,পি,জি, হত সরবরাহের কাজে টারবাইন পাম্প বিশেষভাবে ব্যবহৃত হয়।



## ইম্পালস টারবাইনের কার্য বর্ণনা

যে টারবাইনে ব্লড বা বাকেটের মধ্যে পানি প্রবেশের পূর্বে নজলের মধ্যে পানির চাপশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয় এবং নজল থেকে নির্গত জেটের আঘাতে রোটর বা রানার জেটের গতির দিকে ঘূর্ণন গতি লাভ করে তাকে ইম্পালস টারবাইন বলে।




## ইম্পালস টারবাইনের কার্য বর্ণনা

এ টারবাইনের কেইসিং এর মধ্যে বায়ুমণ্ডলীয় চাপের সমান চাপ বিদ্যমান থাকে। ইম্পালস টারবাইনের উদাহরণঃ পেল্টন হুইল, টারগো হুইল, গিয়ার্ড টারবাইন ইত্যাদি।

ইম্পালস টারবাইন হচ্ছে এমন একটি টারবাইন যা পানির ঘাত বলের (impulse) সাহায্যে চালিত হয়। ইম্পালস টারবাইনের ক্ষেত্রে ড্যাম (Dam) বা বাধ থেকে পানি পাইপের সাহায্যে একটি গাইড মেকানিজমের মধ্য দিয়ে প্রবাহিত হয় এবং সবশেষে পানি একটি নজল দিয়ে বের হয়ে যায়। এই প্রক্রিয়ায় পানির সকল শক্তিই নজলের মধ্য দিয়ে বের হওয়ার সময় গতিশক্তিতে রূপান্তরিত হয়।

## ইম্পালস টারবাইনের কার্য বর্ণনা

নজল থেকে পানি জেটের আকারে একটি চলমান হুইলের বাইরের পরিধিতে অবস্থিত বাকেটসমূহে আঘাত করে। পানির জেট বাকেটসমূহকে অতি উচ্চ বেগে আঘাত করে এবং বাকেটের উপর দিয়ে প্রবাহিত হওয়ার পর বাকেট থেকে পানি নিম্ন বেগে নির্গত হয়। এই প্রক্রিয়ায় পানি থেকে হুইলে শক্তি সঞ্চালিত হয়। বাকেটে প্রবেশের সময় এবং বাকেট থেকে নির্গত হওয়ার পর পানির চাপ সকল সময়ে বায়ুমণ্ডলের চাপের সমান থাকে।



# ইম্পালস ও রিয়াকশন টারবাইনের পার্থক্য

<b>Impulse turbine</b>	<b>Reaction Turbine</b>
The entire available energy of the water is first converted into kinetic energy.	The available energy of the water is not converted from one form to another.
The water flows through the nozzles and impinges on the buckets, which are fixed to the outer periphery of the wheel.	The water is guided by the guide blades to flow over the moving vane.
The water impinges on the buckets with KE	The water glides over the moving vanes with PE.
The pressure of the flowing water remains unchanged and is equal to the atmospheric pressure.	The pressure of the flowing water is reduced after gliding over the vane.
It is not essential that the wheel should run full.	It is essential that the wheel should always run full and kept full of water.
It is possible to regulate the flow without loss.	It is not possible to regulate the flow without loss.
Impulse Turbine has more hydraulic efficiency.	Reaction Turbine has relatively less efficiency.
Impulse Turbine operates at high water heads.	Reaction turbine operates at low and medium heads.
Example of Impulse turbine is Pelton wheel.	Examples of Reaction Turbine are Francis turbine, Kaplan and Propeller Turbine, Deriaz Turbine, Tubular Turbine, etc.

## সমাধান

একটি পাম্প প্রতি মিনিটে 120 লিটার পানি 25 মিটার উঁচুতে তুলতে পারে। পাম্পটির দক্ষতা 80% হলে পাম্প চালাতে প্রয়োজনীয় অশ্বশক্তি বের কর।

দেওয়া আছে,

$$Q = 120 \text{ Litres/min} = 2 \times 10^{-3} \text{ m}^3/\text{sec}$$

$$H = 25 \text{ m}$$

$$\eta = 80 = 0.8$$

$$P = ?$$

আমরা জানি,

$$P = \frac{wQH}{\eta} = \frac{1000 \times 2 \times 10^{-3} \times 25}{0.8}$$

$$= 62.5 \text{ HP ans.}$$



# **Questions & Answers**

## ৮ম অধ্যায় রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ইকুইপমেন্ট


**রেফ্রিজারেটর:** Refrigerator শব্দের অর্থ “হিমায়িত করা বা তাপ আহরণ করা।” মূলত রেফ্রিজারেটর শব্দ হতে রেফ্রিজারেশন Refrigeration কথাটি এসেছে। রেফ্রিজারেশন অর্থ হিমায়ন। এটি হিমায়ন পদ্ধতি তথা শীতলায়কন পদ্ধতি হিসেবে পরিচিত।

অর্থাৎ কোন বাহ্যিক শক্তি প্রয়োগ দ্বারা বায়ু বা পানির মাধ্যমে কোন স্থান, প্রকোস্ট, খাদ্য সমাগ্রী প্রভৃতি তাপ উৎপাদকারী উৎস হতে তাপ শোষণ করে অপেক্ষা কৃত নিম্ন তাপমাত্রায় আনয়ন করার পদ্ধতিকে রেফ্রিজারেশন বা হিমায়ন পদ্ধতি বলে।



# রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ইকুইপমেন্ট

**Air –coditioner** অর্থ শীতাতপ নিয়ন্ত্রণ। কোন নির্দিষ্ট তাপমাত্রা আনয়ন করার প্রণালিকে এয়াকন্ডিশনার বা শীতাতপ নিয়ন্ত্রণ বলে। মানুষের আরাম দায়কের জন্য কোন স্থানের তাপমাত্রা, আদ্রতা, বাতাসের গতি, বাতাস সরবরাহ এবং বাতাসের বিশুদ্ধতা নিয়ন্ত্রণ করাকেও এয়াকন্ডিশনিং পদ্ধতি বা শীতাতপ নিয়ন্ত্রণ বলে।





# রেফ্রিজারেটর সার্ভিসিং কাজে ব্যবহৃত টুলস

Multimeter

Thermometer

A2L refrigerant tools

Drills

Nut Drivers

Pliers

Pumps

Flashlight

Hammer

Leak Detector

Putty Knife



# রেফ্রিজারেটর সার্ভিসিং কাজে ব্যবহৃত টুলস

Refrigerant Scale

Refrigeration Flaring Tool

Tools

Extension cord

Gauges

Refrigerant Gauge

Refrigeration repair tool

Refrigeration Vacuum Pump

Screwdriver

Cutters

Wrenches

Coil Fin Straightener


Core removal



# রেফ্রিজারেশন সিস্টেমের উপাদান

রেফ্রিজারেশন সিস্টেমের চারটি মূল উপাদান হলঃ

1. Compressor
2. Condenser
3. Expansion device
4. Evaporator



# রেফ্রিজারেটর ও এয়ার কন্ডিশনিং সিস্টেমের ব্যবহারক্ষেত্র

রেফ্রিজারেটর ও এয়ারকন্ডিশনার এর প্রয়োগক্ষেত্র :

১. প্রসবকালীন এবং প্রসব পরবর্তী চিকিৎসা বা পরিচর্যর প্রয়োজনে হাসপাতালে প্রয়োগ করা হয়।
২. শিশুর খাদ্য প্রস্তুত ও সংরক্ষণের জন্য রেফ্রিজারেটর এবং ফ্রিজার প্রয়োগ করা হয়।
৩. শিশুদের লেখাপাড়ার ক্ষেত্রে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে এয়ারকন্ডিশনার প্রয়োগ করা হয়।
৪. কর্মজীবনে হোটেল, অফিস, মার্কেট, শিল্পকারখানা, সম্মেলন কক্ষে, এয়ারকন্ডিশনার ব্যবহার করা হয়।
৫. বিনোদনের ক্ষেত্রে সিনেমা কক্ষে, বারে এয়ারকন্ডিশনার এবং পানীয় ঠান্ডা করার মেশিন, আইস মেকার প্রয়োগ করা হয়।
৬. যানবাহনে খাদ্য সংরক্ষণ, হীটিং পদ্ধতির মেশিন, উড়োজাহাজে, সমুদ্র জাহাজ, ফুড সেটারেজ, কোল্ড স্টোরেজ, আইসক্রিম প্ল্যান্ট, আইস প্ল্যান্ট, ফিস প্ল্যান্ট রেফ্রিজারেটর পদ্ধতি প্রয়োগ করা হয়।

## রেফ্রিজারেটর ও এয়ার কন্ডিশনিং সিস্টেমের ব্যবহারক্ষেত্র

রেফ্রিজারেটর ও এয়ারকন্ডিশনার এর প্রয়োগক্ষেত্র :

৭. বর্তমানে জ্রণ পূর্ব প্রানীর শুক্রকীট এবং ডিম্ব সংরক্ষণের জন্য ইনকিউবেটরে সম্পাদিত হচ্ছে।
৮. বর্তমানে জন তৈরির জন্য টেস্ট টিউব বেবির প্রাথমিক অবস্থায় ইনকিউবেটর প্রয়োগ করা হয়।
৯. জ্রণ মায়ের শরীরে ভালভাবে বেড়ে উঠার পরিবেশ প্রদানের জন্য গৃহে এয়ার কন্ডিশনার প্রয়োগ করা হয়।
১০. একটি নির্দিষ্ট নিম্ন তাপমাত্রায় মানুষের জন্য খাদ্য সুস্বাদু রাখতে রেফ্রিজারেশন পদ্ধতি প্রয়োগ করা হয়।
১১. পণ্য উৎপাদন এবং সংরক্ষণ নিম্ন তাপমাত্রার রেফ্রিজারেশন পদ্ধতি প্রয়োগ করা হয়।
১২. গবেষণাগারে রেফ্রিজারেশন পদ্ধতি প্রয়োগ করা হয়।
১৩. চিকিৎসা ক্ষেত্রে ঔষধ তৈরি ও প্রাণির অঙ্গ সংরক্ষণে জন্য রেফ্রিজারেশনের গুরুত্ব অপারিসীম।



# **Questions & Answers**

# ৯ম অধ্যায় পাওয়ার প্ল্যান্ট



## আজকের পাঠ শেষে আমরা জানতে পারব .....

পাওয়ার প্ল্যান্টের কাজ কী।

তাপ বিদ্যু কেন্দ্র বলতে কী বুঝায় ?

হাইড্রইলেকট্রিক পাওয়ার প্ল্যান্টের কার্যপদ্ধতি বর্ণনা।

সৌর বিদ্যু কেন্দ্রের কার্যপদ্ধতি বর্ণনা।



# পাওয়ার প্ল্যান্ট

পাওয়ার প্ল্যান্ট বলতে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রকে বোঝায়। সুতরাং যেখানে বিভিন্ন ধরনের শক্তির উৎস প্রাইম মুভার ও জেনারেটর ব্যবহার করে অধিক হারে বিদ্যুৎ উৎপন্ন করে কোন দেশ বা প্রতিষ্ঠানের বিদ্যুৎ চাহিদা মেটানো হয় তাকে পাওয়ার প্ল্যান্ট বলে।



## পাওয়ার প্ল্যান্টে উৎপাদিত শক্তির ব্যবহার

**পাওয়ার প্ল্যান্টে উৎপাদিত শক্তি নিম্ন বর্ণিত কাজে  
ব্যবহৃত হয়ঃ**

১। পূর্বে বিদ্যুৎ উৎপাদন পদ্ধতি আবিষ্কৃত না হওয়াতে তখনকার অধিবাসীগণ বিদ্যুৎশক্তির গুরুত্বও বুঝতে পারেনি। আধুনিক যুগে যে দেশ বিদ্যুৎশক্তি উৎপাদন যত বেশি অগ্রগামী সে দেশ বিভিন্ন খাতে বিদ্যুৎশক্তি ব্যবহারের মাধ্যমে কৃষি, শিল্প, বাণিজ্য, শিক্ষা প্রভৃতি বিষয়ে ততবেশি উন্নতি লাভ করে। বিদ্যুৎশক্তি ব্যবহার ও প্রসারে মানুষের কষ্ট এবং শ্রমের পরিমাণ দিন দিন লাঘব হচ্ছে।

## পাওয়ার প্ল্যান্টে উৎপাদিত শক্তির ব্যবহার

২। বিদ্যুৎশক্তি মানুষের মৌলিক চাহিদার বিষয় না হলেও এটা সভ্যতার মূল চালিকাশক্তি। আবাসিক এলাকা, বাণিজ্যিক এলাকা, শিক্ষাপ্রতিষ্ঠান ও অফিস-আদালত, কলকারখানা, কৃষিক্ষেত্র প্রভৃতি সকল ক্ষেত্রেই বিদ্যুতের গুরুত্ব অপরিসীম। জীবনযাত্রার মান মাথাপিছু (Per capita) বিদ্যুৎ ব্যবহারের পরিমাণের উপরই নির্ভর করে। যে দেশে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ বেশি সে দেশ অর্থনৈতিক দিক থেকে অনেক লাভজনকভাবে এগিয়ে।

৩। বিজ্ঞানের অগ্রগতির সাথে সাথে মানুষ যত বেশি আরামপ্রিয় ও বিলাসবহুল জীবনযাপন করতে থাকল, বৈদ্যুতিক ও ইলেকট্রনিক যন্ত্রপাতি ব্যবহার করে ততই বিদ্যুৎশক্তির মাত্রা ও চাহিদা বৃদ্ধি পেল।

## পাওয়ার প্ল্যান্টে উৎপাদিত শক্তির ব্যবহার

৪। পাওয়ার প্লান্ট থেকে উৎপন্ন বিদ্যুৎশক্তিকে উপবিদ্যুৎ কেন্দ্র (Sub-station), স্টেপ আপ এবং স্টেপ ডাউন ট্রান্সফরমার (Step-up and step down transformers) এর মাধ্যমে দেশের বিভিন্ন এলাকায় প্রেরণসহ বিদ্যুতের চাহিদা মেটানো সম্ভব হয়েছে।

৫। বিদ্যুৎ কেন্দ্র থেকে উৎপন্ন বিদ্যুৎশক্তি দ্বারা কৃষিক্ষেত্রে যন্ত্রপাতি চালনা, গবেষণা, প্রতিষ্ঠানের যন্ত্রপাতি চালনা, ব্যবসা প্রতিষ্ঠান আলোকিত করা, বিমান, যুদ্ধ জাহাজ, জল জাহাজ প্রভৃতি কাজে এর প্রয়োগ উল্লেখযোগ্য।

## পাওয়ার প্ল্যান্ট এর প্রকারভেদ

পাওয়ার প্ল্যান্টকে মূলত দুই ভাগে ভাগ করা যায়। যথা-

১। তাপ বিদ্যুৎ কেন্দ্র (Thermal power plant)

২। পানি বিদ্যুৎ কেন্দ্র (Hydro-electric power plant)

তাপবিদ্যুৎ কেন্দ্রকে আবার চার ভাগে ভাগ করা যায়। যথাঃ-

(ক) বাষ্প বিদ্যুৎ কেন্দ্র (Steam power plant)

(খ) ডিজেল বা আই সি ইঞ্জিন বিদ্যুৎ কেন্দ্র (Diesel or IC Engine power plant)

(গ) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র (Nuclear power plant)


(গ) গ্যাস টারবাইন বিদ্যুৎ কেন্দ্র (Gas turbine power plant)

## বাষ্প চালিত বিদ্যু কেন্দ্র

বাষ্পচালিত বিদ্যুকেন্দ্রের প্রধান অংশগুলো হলো বয়লার,টারবাইন ও অল্টারনেটার । বয়লার হতে বাষ্প সুপারহিটার হয়ে টারবাইনে আসে, টারবাইনকে ঘূর্ণনগতি প্রদান করে বাষ্প পরিত্যক্ত গ্যাস হিসেবে বের হয়ে যায়। টারবাইনের সাথে অল্টারনেটর কাপলিং করা থাকে, সেজন্য টারবাইন ঘুরার সাথে সাথে অল্টারনেটর ঘুরে এবং বৈদ্যুতিক শক্তি উৎপন্ন হয়। বাষ্পচালিত শক্তিকেন্দ্রের প্রধান অংশসমূহ হলো-


- ১। সুপারহিটার
- ২। বয়লার
- ৩। টারবাইন
- ৪। পরিত্যক্ত গ্যাস
- ৫। অল্টারনেটর

# বাস্প চালিত বিদ্যু কেন্দ্র



## গ্যাস টারবাইন বিদ্যু কেন্দ্র

গ্যাস টারবাইন শক্তি কেন্দ্রের প্রধান অংশগুলো হলো- কম্প্রেসার কম্বাস্টার, টারবাইন ও অল্টারনেটর। কমপ্রেসারটি চালু করার সাথে সাথে এটি বায়ুমণ্ডলীয় বাতাসকে টেনে ভেতরে নেয় এবং বায়ুকে সংকুচিত করে কম্বাস্টারে পাঠায়। কম্বাস্টারে গ্যাসকে নজলের মাধ্যমে স্প্রে করা হয়। গ্যাসকে স্প্রে করার সাথে সাথে কম্বাস্টারে দহন ক্রিয়া শুরু হয়।





## গ্যাস টারবাইন বিদ্যু কেন্দ্র

অতঃপর উচ্চ চাপীয় ও তাপীয় বায়ুমিশ্রিত গ্যাস টারবাইনে এসে টারবাইনকে ঘূর্ণন গতি প্রদান করে এবং বের হয়ে যায়। টারবাইন ঘুরার সাথে সাথে অল্টারনেটরও ঘুরে এবং বৈদ্যুতিক শক্তি উৎপন্ন হয়। গ্যাস টারবাইন শক্তি কেন্দ্রের প্রধান অংশসমূহ হলো-

- ১। কমপ্রেসর
- ২। বাতাস
- ৩। কম্বাস্টার
- ৪। টারবাইন
- ৫। কাপলিং
- ৬। পরিত্যক্ত গ্যাস

## ডিজেল চালিত বিদ্যু কেন্দ্র

ডিজেল ইঞ্জিনচালিত শক্তি কেন্দ্রের প্রধান অংশগুলো হলো ডিজেল ইঞ্জিন ইউনিট ও অল্টারনেটর ইউনিট। ডিজেল ইঞ্জিনকে চালু করার সাথে সাথে সংযুক্ত শ্যাফট ঘুরতে থাকে। ইঞ্জিন শ্যাফটের সাথে অল্টারনেটর শ্যাফট কাপলিং করা থাকে, সেজন্য অল্টারনেটরও ঘুরতে থাকে এবং বৈদ্যুতিক শক্তি উৎপন্ন হতে থাকে।



# হাইড্রোইলেকট্রিক বিদ্যু কেন্দ্র

বাংলাদেশের কোথায় পানি বিদ্যু কেন্দ্র অবস্থিত এবং এটার উৎপাদন ক্ষমতা কত ?

উঃ বাংলাদেশের রাঙ্গামাটি জেলার কাপ্তাই উপজেলায় কর্ণফুলি নদীর তীরে পানি বিদ্যু কেন্দ্র অবস্থিত এর উৎপাদন ক্ষমতা ২৩০ মেগাওয়াট




## হাইড্রোইলেকট্রিক বিদ্যু কেন্দ্র

হাইড্রোইলেকট্রিক প্ল্যান্টের প্রধান অংশগুলো হলো-  
বাঁধ, পেনস্টক, টারবাইন হাউস, পাওয়ার হাউস, টেইলরেস।  
নদীতে বাঁধ দিয়ে পানির উচ্চ হেড পাওয়া যায়, পানিকে  
পেনস্টকের মাধ্যমে টারবাইনে এনে টারবাইনকে ঘুরান হয়,  
অতঃপর পানি টেইল রেসে এসে জমা হয়।



# হাইড্রোইলেকট্রিক বিদ্যু কেন্দ্র

টারবাইনের সাথে অলটারনেটার সংযুক্ত থাকে। সেজন্য টারবাইন ঘুরার সাথে সাথে অলটারনেটার ও ঘুরে এবং বৈদ্যুতিক শক্তি উৎপন্ন হয়।



## হাইড্রোইলেকট্রিক বিদ্যু কেন্দ্র কাপ্তায়ে স্থাপনের কারন

- ১। কর্ণফুলি নদী একটি পাহাড়ি খরস্রোতা নদী। প্রায় সারা বছর এ নদীতে স্রোত থাকে এবং বৃষ্টি, বন্যা ও বরফগলা পানিতে সারা বছরই পানির প্রবাহ থাকে প্রবল। বাংলাদেশে এ ধরনের নদী আর দ্বিতীয়টি নেই।
- ২। কর্ণফুলি নদীটি অধিক চওড়া নয় বলে এতে বাঁধ নির্মাণ খরচ কম লেগেছে।
- ৩। এ নদীর পানি খুব স্বচ্ছ বলে পানি টারবাইনের পক্ষে এটা সুবিধাজনক।
- ৪। এতে সারা বছর মোটামুটি পানির অধিক উচ্চতা বজায় থাকে বলে বন্যা ও বৃষ্টিপাতের সময় এ প্রকল্প থেকে 230মেগাওয়াটের স্থলে গভর্নিং পদ্ধতিতে 250 মেগাওয়াট পর্যন্ত প্রায় (10%) বিদ্যুৎশক্তি পাওয়া যায়।

## হাইড্রোইলেকট্রিক বিদ্যুৎ কেন্দ্র কাপ্তায়ে স্থাপনের কারন

এসব কারণে কাপ্তাই পানি বিদ্যুৎ প্রকল্পে মূল বোঝা ছাড়াও বন্যা মৌসুমে একে সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা সরবরাহকারী ইউনিট হিসাবে ব্যবহার করা যায়।

৫। কাপ্তাই পানি বিদ্যুৎ কেন্দ্র থেকে সারা বছর প্রায় 230 মেগাওয়াট বিদ্যুৎশক্তিই পাওয়া যাচ্ছে। এতে কোন জ্বালানি খরচ লাগে না, পরিবেশের বিপর্যয় ঘটায় না।

৬। টারবাইনসমূহ থেকে পতিত পানির মাধ্যমে হাজার হাজার একর কৃষি জমিতে পানি সেচ করা যায়।

## সোলার প্ল্যান্ট

সোলার রেডিয়েশনের মাধ্যমে পানি উত্তপ্ত হয় এবং গরম পানি বয়লারে প্রবেশ করে, বয়লারে পানি বাষ্প পরিণত হয়। বাষ্প টারবাইনে আসে সম্প্রসারিত হয়ে কনডেনসারে আসে। টারবাইন শ্যাফট পানি পাম্পের শ্যাফটের সাথে কাপলিং করা থাকে। টারবাইন ঘুরার সাথে সাথে ওয়াটার পাম্পও ঘুরে এবং প্রয়োজনীয় কার্য সম্পাদন করে। এ জাতীয় প্ল্যান্ট অনেকগুলো ফ্লাট প্লেট কালেক্টর একত্রে সজ্জিত করে সূর্যরশ্মি থেকে তাপ গ্রহণ করে।

এবং পানিকে  $70^{\circ}\text{C}$  পর্যন্ত তাপমাত্রায় উত্তপ্ত করে, উত্তপ্ত পানি বয়লারে প্রেরণ করার পর বয়লার পানিকে বাষ্প পরিণত করে।



# সোলার প্ল্যান্ট




কনডেনসারের ঘনীভূত পানি পাম্পের মাধ্যমে বয়লারে প্রেরণ করে উত্তপ্ত করা হয়। এবং বয়লার হতে বাষ্প টাইবাইনে ফিরে আসে।

আজকের পাঠ  
সমন্বে কোন  
প্রশ্ন???

ও  
উত্তর প্রদান

# অধ্যায়-১০ হাইড্রলিক এন্ড নিউমেটিক মেশিনারী


**হাইড্রোলিক মেশিনারী:** যে সকল মেশিন হাইড্রলিক তরলের চাপে পরিচালিত হয় তাকে হাইড্রলিক মেশিনারী বলে। হাইড্রোলিক মেশিনগুলি কাজ করার জন্য তরল তরল শক্তি ব্যবহার করে। ভারী নির্মাণ যানবাহন একটি সাধারণ উদাহরণ। এই ধরনের মেশিনে, হাইড্রোলিক ফ্লুইডকে বিভিন্ন হাইড্রোলিক মোটর এবং হাইড্রোলিক পাম্প



# হাইড্রলিক এন্ড নিউমেটিক মেশিনারী

**নিউমেটিক মেশিনারী:** যে সকল মেশিন বাতাসের চাপে পরিচালিত হয় তাকে নিউমেটিক মেশিনারী বলে। এটি বায়ুসংক্রান্ত মেশিন বা ডিভাইস যা সংকুচিত বায়ু বা ভ্যাকুয়াম দ্বারা পরিচালিত হয়। একটি ড্রিল কংক্রিটে ড্রিল বিট চালাতে সংকুচিত বাতাসের চাপ ব্যবহার করে।


## Pneumatic System



# নিউমেটিক মেশিনারীর ব্যবহার ক্ষেত্র

Air brakes  
Cable jetting  
Dental drill  
Pipe organ  
Pneumatic bladder  
Pressure switches  
Air guns  
Breast pumps  
Construction  
Exercise machines  
Fabrication equipment

## Application of Pneumatic Systems



# নিউমেটিক মেশিনারীর ব্যবহার ক্ষেত্র

Jackhammer

Medical

Packing MACHINERY

Pneumatic delivery tubes


Air Compressor

Pneumatic motor

Lego pneumatics

Manufacturing


Vacuum technology



## হাইড্রলিক প্রেসের কার্যপদ্ধতি

**কার্যপদ্ধতি :** প্রথমে লিভার দিয়ে প্লাঞ্জারকে উপর দিকে টেনে তুললে একটি ভালভ বন্ধ হয় অপর ভালভটি খুলে ট্যাঙ্ক হতে ফ্লুইড ছোট সিলিন্ডরে প্রবেশ করে। এবার লিভার এ চাপ প্রয়োগ করলে খোলা ভালভ বন্ধ হয় অপর বন্ধ ভালভটি খুলে ফ্লুইড বড় সিলিন্ডারে প্রবেশ করে ও র্যামের তলদেশ দিয়ে চাপ প্রয়োগ করে। এভাবে লিভারে ফ্লুইডে চাপ প্রদান করবে ফ্লুইড র্যামের উপর চাপ প্রয়োগ করে র্যামকে ওপরে উঠাতে থাকে এই সময় ব্যামের উপরে যা কিছু থাকে তাকে সংকোচন করতে থাকে। সংকোচন কাজ শেষ হলে বড় সিলিন্ডারের ফ্লুইড রিলেজের পথে ভালভটি খুলে দলে ফ্লুইড ট্যাঙ্ক এসে জমা হয় ফলে র্যাম নিচের দিকে নেমে আসে। এভাবে হাইড্রলিক প্রেস কাজ করে থাকে।

# হাইড্রলিক প্রেসের কার্যপদ্ধতি





## হাইড্রোলিক এবং নিউমেটিক মেশিনারিজ এর মাঝে পার্থক্য

হাইড্রোলিক মেশিনারিজ	নিউমেটিক মেশিনারিজ
১। কার্যকরী ফ্লুইড হিসাবে hydraulic oil ব্যবহৃত হয়।	১। কার্যকরী ফ্লুইড হিসাবে Comprested air. ব্যবহৃত হয়।
২। সেহেতু oil অসংকোচনীয় , তাই উচ্চ চাপে চাপ(৫০০ bar এর বেশি) দেয়া যায়।	২। সেহেতু অরং সংকোচনশীল। তাই নিম্ন চাপে চাপ (১০ bar এর মত ) দেওয়া যায়)
৩। স্থাপন জটিল এবং রক্ষণাবেক্ষণ খরচ বেশি।	৩। স্থাপন সহজ এবং রক্ষণাবেক্ষন খরচ কম।

আজকের পাঠ  
সমন্বে কোন  
প্রশ্ন???

ও  
উত্তর প্রদান



ধন্যবাদ

আল্লাহ হাফেজ